

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা- ৬ (প্রশিক্ষণ)
১৪১-১৪৩ মতিবিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০১.১৯. ১৮

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৫
২৯ এপ্রিল ২০১৯


বিষয় : নব যোগদানকারী সহকারী কমিশনার (ভূমি) গণের ই-নামজারি বিষয়ক ০১ দিনের ওরিয়েন্টেশন কোর্সের তারিখ প্রেরণ।
সূত্র : বোর্ডের স্মারক নং- স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০১.১৯.৮৩ তারিখ- ০২/০৪/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইসিটি বিভাগের অধীন e2i প্রোগ্রামের সহযোগিতায় ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ভূমি সংক্রান্ত সেবাসমূহকে স্বল্প সময়ে, স্বল্প খরচে ও ভোগান্তিবিহীনভাবে সেবা গ্রহীতাগণের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে সারাদেশে ই-নামজারি বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে ই-নামজারি বাস্তবায়ন কার্যক্রম সারাদেশে চলমান আছে। এক্ষেত্রে, তাঁর জেলায় নব যোগদানকারী সহকারী কমিশনার (ভূমি) গণের এ সংক্রান্ত প্রশিক্ষণ আবশ্যিক। উল্লেখ্য, এক্ষেত্রে তাঁর জেলায় যে সকল কর্মকর্তা/কর্মচারী ইতোমধ্যে ই-নামজারি প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে প্রশিক্ষক হিসেবে নিয়োজিত করে নবনিযুক্ত সহকারী কমিশনার (ভূমি) গণকে ই-নামজারি বিষয়ে ওরিয়েন্টেশন কোর্স পরিচালনা করা যেতে পারে। ওরিয়েন্টেশন কোর্সের তারিখ জানানো হলে ক্ষেত্র বিশেষে ভূমি সংস্কার বোর্ড/e2i এর কর্মকর্তা কোর্সের প্রশিক্ষক হিসেবে যেতে পারেন। উল্লেখ্য, ই-নামজারি সফটওয়্যারের টিউটোরিয়াল youtube এ দেয়া আছে। প্রয়োজনে youtube দেখা যেতে পারে।

এমতাবস্থায়, তাঁর জেলায় নব যোগদানকারী সহকারী কমিশনার (ভূমি) গণের ই-নামজারি বিষয়ক ০১ দিনের ওরিয়েন্টেশন কোর্স আয়োজন করে তারিখ অত্র বোর্ডকে জানানোর জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হ'ল।

জেলা প্রশাসক

.....(সকল)



(ডা. মোহাম্মদ মফিজুর রহমান)

সহকারী ভূমি সংস্কার কমিশনার - ৬

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোনঃ - ০১৬২০-১৪২৫৫৬

ই-মেইল -alrc6@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৩। প্রকল্প পরিচালক, e2i প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব).....(সকল)
- ৭। চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৮। জনাব অজয় কৃষ্ণ সাহা, প্রশাসনিক কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। (পত্রটি ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।